গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ২২৮/২০১৭-১৮

ঢাকা, বুধবার, ২৩ মে ২০১৮, ৯ জ্যৈষ্ঠ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। শিল্প প্রবৃদ্ধি অব্যাহত রাখতে বিনিয়োগ বাড়াতে হবে : শিল্প উন্নয়ন পুরস্কার বিতরণ অনুষ্ঠানে রাষ্ট্রপতি

২। স্কুলে বাংলা ও ইংরেজিতে জোর দেওয়ার নির্দেশনা প্রধানমন্ত্রীর : একনেকে ১৬ প্রকল্প অনুমোদন

৩। প্রধানমন্ত্রী কলকাতা যাচ্ছেন শুক্রবার

৪। স্বাস্থ্যবিমা কার্যকর করা হবে, কেউ চিকিৎসা বঞ্চিত হবে না : ডব্লিউএইচও'র অধিবেশনে স্বাস্থ্যমন্ত্রী

৫। ৮ জুনের মধ্যে মহাসড়কের সংস্কার শেষ করতে হবে : সেতুমন্ত্রী

৬। ডিজিটাল নিরাপত্তা বিলে প্রয়োজনীয় সংশোধনী আনার আশ্বাস আইনমন্ত্রীর

৭। বাংলাদেশ-অস্ট্রিয়ার মধ্যে বিমান চলাচলের চুক্তি স্বাক্ষর

৮। মাদক বিক্রেতাদের সম্পর্কে তথ্য থাকলে আইনশৃঙ্খলাবাহিনীর কাছে সরবরাহ করুন : স্বরাষ্ট্রমন্ত্রী

৯। জঙ্গি দমন ও জনগণের নিরাপত্তা বিধানে পুলিশ দৃঢ় প্রতিজ্ঞ : আইজিপি

১০। সরকার নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতে কাজ করছে : প্রকল্প উদ্বোধন অনুষ্ঠানে শ্রম প্রতিমন্ত্রী

১১। পোশাক রফতানিকারকরা আড়াই কোটি ডলার পর্যন্ত ঋণ পাবে : বাংলাদেশ ব্যাংকের সার্কুলার জারি

চলমান পাতা-২

১।   শিল্প প্রবৃদ্ধি অব্যাহত রাখতে বিনিয়োগ বাড়াতে হবে : শিল্প উন্নয়ন পুরস্কার বিতরণ অনুষ্ঠানে রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ দেশের শিল্পখাতের প্রবৃদ্ধির এ ধারা অব্যাহত রাখতে হলে বিনিয়োগের নতুন ও সম্ভাবনাময় খাত খুঁজে বের করতে সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানিয়েছেন। রাষ্ট্রপতি বলেন, প্রাকৃতিক সম্পদ আহরণে বিদেশি বিনিয়োগের একটি চমৎকার ক্ষেত্র তৈরি হয়েছে। তিনি এক্ষেত্রে বেসরকারি উদ্যোক্তাদের পাশাপাশি সরকারের প্রতিও পরিকল্পিত পদক্ষেপ গ্রহণের ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করেন। তিনি গতকাল (২২ মে মঙ্গলবার) ওসমানি স্মৃতি মিলনায়তনে 'রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার-২০১৬' বিতরণ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৪)।

২।   স্কুলে বাংলা ও ইংরেজিতে জোর দেওয়ার নির্দেশনা প্রধানমন্ত্রীর : একনেকে ১৬ প্রকল্প অনুমোদন

স্কুলগুলোতে শিশুদের বাংলার পাশাপাশি ইংরেজি শিক্ষার প্রতি বিশেষ গুরুত্ব দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল জাতীয় অর্থনৈতিক পরিষেদের নির্বাহী কমিটির (একনেক) সভায় চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-৪) প্রকল্প অনুমোদনকালে প্রধানমন্ত্রী বলেছেন, স্কুলগুলোতে কমপক্ষে তিনটি ভাষা শেখাতে হবে। বাংলা ও ইংরেজি ভাষা বাধ্যতামূলক করতে হবে। সেইসাথে অন্য আরেকটি ভাষা ঐচ্ছিক ভাবে স্কুলে শেখাতে হবে। গতকাল (২২ মে মঙ্গলবার) ঢাকার শেরেবাংলা নগরে এনইসি সম্মেলনকক্ষে একনেক বৈঠকে প্রধানমন্ত্রী এ নির্দেশনা দেন। এছাড়া একনেক বৈঠকে ৯৬ হাজার ২৩৪ কোটি ৭৭ লাখ টাকা ব্যয়ে ১৬টি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। এর মধ্যে সরকারের নিজস্ব তহবিল হতে ৫২ হাজার ৬৮৫ কোটি টাকা, প্রকল্প সাহায্য আকারে ৪৩ হাজার ২২১ কোটি টাকা এবং সংস্থার নিজস্ব তহবিল হতে ৩২৮ কোটি ৫৫ লাখ ব্যয়ের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৬)।

৩।   প্রধানমন্ত্রী কলকাতা যাচ্ছেন শুক্রবার

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আমন্ত্রণে দু'দিনের সরকারি সফরে আগামী শুক্রবার কলকাতা যাচ্ছেন। এই সফরে তিনি শান্তি নিকেতনে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন এবং আসানসোলে কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ের সম্মানসূচক ডক্টরেট অভ্ লিটারেচার (ডিলিট) গ্রহণ করবেন। দুই দেশের প্রধানমন্ত্রী শান্তিনিকেতনে নবনির্মিত বাংলাদেশ ভবনের উদ্বোধন করবেন এবং সেখানে দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

৪।   স্বাস্থ্যবিমা কার্যকর করা হবে, কেউ চিকিৎসা বঞ্চিত হবে না : ডব্লিউএইচও'র অধিবেশনে স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, বিশ্বের বিভিন্ন দেশের মতো বাংলাদেশেও স্বাস্থ্যবিমা কার্যকর করা হবে। টাকার অভাবে দেশের কোনো মানুষ চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত হবে না, দরিদ্র জনগোষ্ঠী চিকিৎসা করাতে গিয়ে যাতে করে আরও নিঃস্ব না হয় সে লক্ষ্যে বাংলাদেশে স্বাস্থ্যবিমা কার্যকর করা হবে। স্বাস্থ্যমন্ত্রী গত ২১ মে মঙ্গলবার সুইজারল্যান্ডের জেনেভায় বিশ্ব স্বাস্থ্য সংস্থার অধিবেশনে স্বাস্থ্যখাতের বিশ্ব নেতাদের সামনে নির্ধারিত বক্তব্যে এমন লক্ষ্য ও অঙ্গিকারের কথা তুলে ধরেন। এছাড়া বিশ্বব্যাংকের স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা কার্যক্রম বিষয়ক পরিচালক ফাদিয়া সাদাহ্ এর সঙ্গে জাতিসংঘ ভবনের এক সভাকক্ষে বৈঠকে মিলিত হন স্বাস্থ্যমন্ত্রী। এ সময়ে পরিচালক জানান, রোহিঙ্গাদের স্বাস্থ্যসেবা কার্যক্রম অব্যাহত রাখতে বাংলাদেশ সরকারের অনুরোধের প্রেক্ষিতে আগামী মাসে ৫০ মিলিয়ন ডলার সাহায্য প্রস্তাব বিশ্বব্যাংক কর্তৃক অনুমোদিত হবে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.৫,ক.১), **অবজারভার** (পৃ.১০,ক.৬)।

৫।   ৮ জুনের মধ্যে মহাসড়কের সংস্কার শেষ করতে হবে : সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের আগামী ৮ জুনের মধ্যে সড়ক-মহাসড়ক সংস্কারের নির্দেশ দিয়ে বলেন, সংস্কারকাজে বৃষ্টি যেন অজুহাত না হয়ে দাঁড়ায়। বৃষ্টির সময় যে ট্রিটমেন্ট রাস্তায় প্রয়োজন, সেই ট্রিটমেন্ট দিতে হবে। রাস্তার কারণে যানজট হচ্ছে, এটা কোনোভাবেই মেনে নেওয়া হবে না। গতকাল (২২ মে মঙ্গলবার)

মেঘনা সেতুর পূর্ব পাড়ে মুন্সীগঞ্জের গজারিয়ায় দ্বিতীয় মেঘনা সেতুর অফিসে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের যানজট নিরসনে করণীয় নির্ধারণীসভায় মন্ত্রী এ নির্দেশনা দেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.১), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৮)।

৬। ডিজিটাল নিরাপত্তা বিলে প্রয়োজনীয় সংশোধনী আনার আশ্বাস আইনমন্ত্রীর

গণমাধ্যম প্রতিনিধিদের প্রস্তাবের প্রেক্ষিতে জাতীয় সংসদে উত্থাপিত ডিজিটাল নিরাপত্তা বিল-২০১৮' এ প্রয়োজনীয় সংশোধনী আনার আশ্বাস দিয়েছে ডাক টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। গণমাধ্যমের স্বার্থ ক্ষুণ্ন হয় এমন কোনো বিধান আইনে থাকবে না বলে জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। গতকাল (২২ মে মঙ্গলবার) জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত বৈঠকে সভাপতিত্ব করেন কমিটির সভাপতি ইমরান আহমদ। বৈঠকে বিশেষ আমন্ত্রণে অংশ নেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার এবং আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **বণিক বার্তা** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬)।

৭। বাংলাদেশ-অস্ট্রিয়ার মধ্যে বিমান চলাচলের চুক্তি স্বাক্ষর

বাংলাদেশ-অস্ট্রিয়ার মধ্যে সরাসরি ফ্লাইট পরিচালনায় দুই দেশের মধ্যে চুক্তি স্বাক্ষর হয়েছে। গত **১৭** মে অস্ট্রিয়ার ভিয়েনায় দুই দেশের মধ্যে বিমান চলাচল বিষয়ে এ চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তিতে বাংলাদেশের পক্ষে স্বাক্ষর করেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রী একেএম শাহজাহান কামাল এবং অস্ট্রিয়ার পক্ষে স্বাক্ষর করেন দেশটির ফেডারেল ট্রান্সপোর্ট, ইনোভেশন অ্যান্ড টেকনলজি মিনিস্টার নরবার্ট হফার। গতকাল (২২ মে মঙ্গলবার) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.১), **ভোরের কাগজ** (পৃ.৮,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.৩,ক.৬)।

৮। মাদক বিক্রেতাদের সম্পর্কে তথ্য থাকলে আইনশৃঙ্খলাবহিনীর কাছে সরবরাহ করুন : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী, মাদকে সংশ্লিষ্ট ব্যক্তি যেই হোক না কেন, সরকার কাউকে ছাড় দেবে না। এই জিরো টলারেন্স নীতি সবাইকেই জানানো হয়েছে। মাদকের সাথে সম্পৃক্ত যে কেউ হোক, কাউকেই ছাড় দেওয়া হবে না। সঠিক প্রমাণ পাওয়া গেলে গ্রেফতার করা হচ্ছে। গত **২১** মে মঙ্গলবার সচিবালয়ে নিজ দপ্তরে এক প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, মাদক বিক্রেতাদের সম্পর্কে কারও কাছে কোনো তথ্য থাকলে তা আইনশৃঙ্খলাবহিনীর কাছে সরবরাহ করুন। তথ্যপ্রমাণের ভিত্তিতে সরকার তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিবে। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

৯। জঙ্গি দমন ও জনগণের নিরাপত্তা বিধানে পুলিশ দৃঢ় প্রতিজ্ঞ : আইজিপি

আইনশৃঙ্খলা রক্ষা, জঙ্গি কর্মকাণ্ড দমন, জনগণের জানমালের নিরাপত্তা বিধান ও জনগণকে সেবা প্রদানের লক্ষ্যে পুলিশের প্রতিটি সদস্য দৃঢ় প্রতিজ্ঞ বলে মন্তব্য করেছেন পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী। তিনি বলেছেন, দেশের মানুষের জীবন সুন্দর ও নিরাপদ রাখতে প্রতিটি পুলিশ সদস্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। গত **২১** মে সোমবার রাজধানীর রাজারবাগ পুলিশ লাইনসে বাংলাদেশ পুলিশ অডিটরিয়ামে পবিত্র মাহে রমজান উপলক্ষে পুলিশ বিভাগের পক্ষে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৩), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.৫)।

১০। সরকার নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতে কাজ করছে : প্রকল্প উদ্বোধন অনুষ্ঠানে শ্রম প্রতিমন্ত্রী

কর্মক্ষেত্রে জেন্ডার সমতা এবং নারীর ক্ষমতায়নে বাংলাদেশ বিশ্বের অন্য দেশের জন্য অনুকরণীয় বলে মন্তব্য করেছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মো. মুজিবুল হক। তিনি বলেন, সরকার কলকারখানায় শোভন ও নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতে নিরলস কাজ করে যাচ্ছে। রাজধানীর একটি হোটেলে গত **২১** মে গার্মেন্টস, চামড়া ও চা শিল্পে 'কর্মক্ষেত্রে জেন্ডার সমতা ও নারীদের ক্ষমতায়ন' শীর্ষক প্রকল্পের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। বাংলাদেশ সরকার এবং ইউএনএফপিএ'র যৌথ অর্থায়নে ৫ কোটি ২৮ লাখ টাকা ব্যয়ে এ প্রকল্পের

মাধ্যমে ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জে গার্মেন্টস শিল্পে, মৌলভীবাজার, হবিগঞ্জ ও সিলেট জেলায় চা বাগানে এবং সাভারে ট্যানারি পল্লি, গাজীপুর ও নারায়ণগঞ্জে চামড়া ও পাদুকা শিল্পে জেন্ডারভিত্তিক সহিংসতা প্রতিরোধে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৭)।

১১। পোশাক রফতানিকারকরা আড়াই কোটি ডলার পর্যন্ত ঋণ পাবে : বাংলাদেশ ব্যাংকের সার্কুলার জারি

বাংলাদেশ ব্যাংকের রফতানি উন্নয়ন তহবিল (ইডিএফ) থেকে একজন তৈরিপোশাক রফতানিকারক এখন থেকে আড়াই কোটি ডলার পর্যন্ত ঋণ নিতে পারবেন। এর আগে এই সীমা ছিল দুই কোটি ডলার। গত সোমবার ২১ মে ঋণসীমা বাড়ানোর এ ঘোষণা দিয়ে এক সার্কুলার জারি করেছে কেন্দ্রীয় ব্যাংক। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** বাসি-পঁচা খাবার আর ভেজাল খাদ্যবস্তুতে বাজার সয়লাব হওয়ার খবরে নিন্দা জানিয়ে ভেজাল প্রদানকারীদের কঠোর শাস্তির আওতায় আনার দাবি।

খ. **যুগান্তর :** চলতি বোরো মৌসুমে খাদ্য মন্ত্রণালয় সারাদেশে ধান কেনা এখনো শুরু না করায় কৃষক বাধ্য হয়ে উৎপাদন খরচের চেয়ে কম দামে ধান বিক্রি করছে উল্লেখ করে কৃষকের স্বার্থ রক্ষায় অবিলম্বে খাদ্য মন্ত্রণালয়কে ধান সংগ্রহের সুপারিশ।

গ. **যায়যায়দিন :** রাজধানীর জলাবদ্ধতা নিরসনে প্রয়োজনীয় সব ধরনের উদ্যোগ গ্রহণ ও তার সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **ভোরের কাগজ, যুগান্তর, সমকাল, যায়যায়দিন :** চট্টগ্রামে ছোট-বড় ৩০টি পাহাড়ে মৃত্যু ঝুঁকিতে বসবাস করছে পাঁচ হাজার পরিবারের লক্ষাধিক সদস্য উল্লেখ করে পাহাড় ধসের মতো বড় ধরনের দুর্ঘটনারোধে পাহাড়ের পাদদেশে বসবাস বন্ধে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **ইনকিলাব** : আইনশৃঙ্খলাবাহিনীর মাদকের বিরুদ্ধে সাঁড়াশি অভিযানের সফলতা কামনা।

চ. **ইন্ডিপেনডেন্ট :** আম পাকার মৌসুম শুরুর আগেই বিভিন্ন রাসায়নিক দিয়ে পাকানো আমে বাজার সয়লাব হয়ে যাওয়ায় স্থানীয় প্রশাসনকে এ ধরনের অবৈধ কর্মকাণ্ড প্রতিহতে বাজার মনিটরিং ব্যবস্থা জোরদার করার সুপারিশ।

ছ. **নিউজ টুডে :** অনলাইনের মাধ্যমে কলেজে ভর্তিফর্ম পূরণ করা নিয়ে নানাবিধ সমস্যা দেখা দেওয়ায় অনলাইনে ভর্তির আবেদনের সময়সীমা ২৪ মে থেকে আরও বাড়ানোর আহ্বান।

জ. **নিউ নেশন :** রাজধানীর বিভিন্নস্থানে সেহেরি ও ইফতারির সময়ে গ্যাস সরবরাহ কমে যাওয়ায় জনদুর্ভোগ লাঘবে কর্তৃপক্ষকে দ্রুত পদক্ষেপ নেওয়ার প্রত্যাশা।

ঝ. **নিউ এজ :** চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনে অনতিবিলম্বে যথোপযুক্ত পদক্ষেপ গ্রহণ ও তা বাস্তবায়নের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, হাওরে পানিদূষণ, মাছের মড়ক ও বিপর্যয়ের কারণ উদঘাটন এবং এ ধরনের বিপর্যয়ের পুনরাবৃত্তি রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ জাতীয় নিরাপত্তার মতোই গুরুত্বপূর্ণ।

নিবন্ধ ও ফিচার

জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত **‘মাদক ও ভেজাল খাদ্য মুক্ত দেশ গড়তে হবে’** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, খাদ্যে ভেজালের বিরুদ্ধে দেশব্যাপী সবাই মিলে হাতে হাত মিলিয়ে কাজ করতে হবে।

#

ডালিয়া/খাদীজা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা